

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
অডিট শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

নং: ৫৯.০০.০০০০.১২৪.১৬.০১৩.২৩.২৬৫

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০  
০৬ জুন ২০২৩

**বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পটুয়াখালী জেলার ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন প্রসংগে।**

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৭.২২.৩৭২; তারিখ: ২২.০৩.২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, পটুয়াখালী জেলা পরিবার পরিকল্পনা অফিসের আওতাভুক্ত বাউফল উপজেলার মদনপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র এবং কলাপাড়া উপজেলার লালুয়া মডেল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের সার্বিক অবস্থার প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

স্ব.সি.  
(মো: আবদুল্লাহ হারুন)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৩৫৭  
[audit@mefwd.gov.bd](mailto:audit@mefwd.gov.bd)

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


[দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (প্রশাসন)]

নং: ৫৯.০০.০০০০.১২৪.১৬.০১৩.২৩.২৬৫/১(৬)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০  
০৬ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (আ:ব্য: ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন-২ ও ফোকাল পয়েন্ট এপিএ)/মেরামত শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পটুয়াখালী
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাউফল/কলাপাড়া, পটুয়াখালী
- ৬। অফিস কপি।


  
(মো: আবদুল্লাহ হারুন)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
অডিট শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

পরিদর্শন প্রতিবেদন

০১।	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	:	লালুয়া মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালী
০২।	পরিদর্শনের তারিখ ও সময়	:	০৯ মে ২০২৩, মঙ্গলবার, ০২:৩০ ঘটিকা
০৩।	পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদনের আলোকে গৃহীত কার্যক্রম	:	প্রযোজ্য নয়।
০৪।	প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা	:	একজন উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার (SACMO), একজন পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV), একজন এমএলএসএস ও একজন আয়া কর্মরত।
০৫।	পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি	:	সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত পাওয়া যায়।
০৬।	পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ প্রদান করা থাকে তার সংক্ষিপ্ত বিবরণী :	:	Post Operative কক্ষে মেরামত এবং ফ্যানের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়।
০৭।	আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	:	প্রযোজ্য নয়।
০৮।	প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা	:	সার্বিক পরিবেশ মোটামুটি ভাল। কক্ষসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন পাওয়া গেলো। এ কেন্দ্রে অপারেশন কক্ষটি একটি প্রকল্পের আওতায় সংস্কার করা হয়েছে এবং অপাশেন সংক্রান্ত বিভিন্ন সরঞ্জামাদি সংযোজন করা হয়েছে।
০৯।	প্রতিষ্ঠানের ভৌত কাঠামোর বাস্তব অবস্থা	:	ভবনটি পুরাতন। Post Operative কক্ষসহ আরও কয়েকটি কক্ষ মেরামত করা প্রয়োজন।
১০।	প্রতিষ্ঠানের ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা	:	আসবাবপত্র অপ্রতুল। রোগীদের বসার জন্য আরও আসবাবপত্র দরকার।
১১।	কোন সমস্যা/চাহিদা	:	পানির ব্যবস্থা ভাল নয়। একজন ফার্মাসিস্ট প্রদান করা প্রয়োজন।
১২।	সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ	:	ক্লিনিক ভবনটি দীর্ঘদিন যাবৎ মেরামত করা হয়নি। ভবনের বেশ কয়েকটি জায়গায় ইতিমধ্যে দেয়ালের প্লাস্টার নষ্ট হয়ে পড়েছে। এটি একটি মডেল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র হিসেবে পরিচালিত হচ্ছে। তবে Post Operative কক্ষটি মেরামত, রোগীদের বসার ব্যবস্থা এবং তাদের ব্যবহারের জন্য সৌচাগারটিতে পানির ব্যবস্থাসহ এর মেরামত করা

<p>(নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ)</p>	<p>প্রয়োজন। প্রান্তিক জনগোষ্ঠী মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম আরও উন্নত করা লক্ষ্যে কেন্দ্রটির বিভিন্ন সংস্কার/মেরামত করার জন্য প্রাক্কলনসহ চাহিদা আগামী জুন মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী-কে নির্দেশনা প্রদান করা হলো।</p>
--	--



(মো: আবদুল্লাহ হারুন)

উপসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

মোবাইল: ০১৭১২-৯৭১৭৮৬